



হাদি হত্যার বিচার না হলে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি ইনকিলাব মঞ্চের



সংবাদ সম্মেলনে ইনকিলাব মঞ্চের সদস্যসচিব জাবের। ছবি: সংগৃহীত

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের পর যে সরকার ক্ষমতায় আসবে, তারা যদি শরীফ ওসমান হাদি হত্যাকাণ্ডে কার্যকর পদক্ষেপ না নেয়, তবে কঠোর আন্দোলনে যাওয়ার হুঁশিয়ারি দিয়েছেন ইনকিলাব মঞ্চের সদস্য সচিব আব্দুল্লাহ আল জাবের।

শুক্রবার (৬ ফেব্রুয়ারি) রাতে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল থেকে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন। এ সময় সংগঠনের নেতাকর্মীদের ওপর পুলিশের হামলার ঘটনাও তুলে ধরেন তিনি।

জাবের বলেন, “আমরা একজন সহযোগীকে হারিয়েছি। এরপর আরও ক্ষতি হলেও ১২ তারিখের নির্বাচন পিছিয়ে দেওয়া যাবে না। তবে নির্বাচনের পর যে দল সরকার গঠন করবে, তারা যদি হাদি হত্যার বিচার না করে, তাহলে আমরা কঠোর কর্মসূচিতে যাব।”

হাদি হত্যার তদন্ত প্রসঙ্গে তিনি জানান, সরকারের পক্ষ থেকে ৮ তারিখের মধ্যে জাতিসংঘের সংশ্লিষ্ট সংস্থায় চিঠি পাঠানোর কথা বলা হয়েছে। সেই চিঠির বিষয়বস্তু প্রকাশের দাবি জানিয়ে তিনি নেতাকর্মীদের ওই দিন পর্যন্ত ধৈর্য ধরার আহ্বান জানান। তাদের দাবি, জাতিসংঘের তত্ত্বাবধানে একটি স্বাধীন ও নিরপেক্ষ তদন্ত নিশ্চিত করতে হবে।

পুলিশের সঙ্গে সংঘর্ষের প্রসঙ্গ টেনে জাবের অভিযোগ করেন, হামলার সময় দায়িত্বরত সদস্যরা নিজেদের পরিচয় গোপন করেছেন। তার দাবি, এ ঘটনায় ইনকিলাব মঞ্চের অনেক কর্মী আহত হয়েছেন।